

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, ঢাকা।
www.fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.১১২.০১১.০০১.১৯-৩৩৬


তারিখ: ২২/০৬/২০২৩ খ্রি.

বিষয়: Exit Plan এর অংশ হিসেবে NATP-2 প্রকল্পের আওতায় দেশের ২২ টি উপজেলায় স্থাপিত প্রডিউসার অর্গানাইজেশন (PO) এর কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে।

সূত্র: প্রকল্প পরিচালকের পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.০১.৫৬৩.১৮(২য় খন্ড)-৪৫৬, তারিখঃ ১১/০৬/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) প্রকল্পটি আগামী ৩০ জুন ২০২৩ খ্রি. সমাপ্ত হবে। ইতোমধ্যে প্রকল্পের Exit Plan মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে যেখানে NATP-2 প্রকল্পের আওতায় দেশের ২২ টি উপজেলায় স্থাপিত প্রডিউসার অর্গানাইজেশন (PO) এর কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পিওসমূহ পরিচালিত হয় মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত গাইড লাইনের মাধ্যমে। প্রত্যেকটি পিও সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। প্রকল্প হতে পিও এর কার্যক্রম পরিচালনার জন্য প্রিন্টারসহ ডেস্কটপ কম্পিউটার, মোবাইল ট্যাবলেট, আসবাবপত্র ইত্যাদি সরবরাহ করা হয়েছে। ২০ টি সাধারণ পিওতে ফিসফিড পিলেটিং মেশিন সরবরাহ করা হয়েছে। এছাড়া এআইএফ-৩ ফান্ডের মাধ্যমে মাছ পরিবহনের জন্য পিকআপ ভ্যান এর জন্য অনুদান প্রদান করা হয়েছে যার কারণে প্রতিটি পিওতে একটি করে পিকআপও রয়েছে। প্রতিটি পিওতে একটি পরিচালনা কমিটি রয়েছে। ২০ টি সাধারণ পিওতে প্রকল্পের অর্থায়নে একজন করে পিও ম্যানেজার নিয়োজিত রয়েছেন। এছাড়া বিশেষ পিও দুটিতে একজন করে Local Marketing Facilitator (LMF) নিয়োজিত রয়েছেন। প্রকল্প কার্যক্রম ৩০ জুন, ২০২৩ শেষ হবে বিধায় প্রকল্প থেকে আর অর্থায়ন করা সম্ভব হবেনা।

এমতাবস্থায়, সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার তত্ত্বাবধানে পিও পরিচালনা কমিটির মাধ্যমে পিও এর কার্যক্রম (প্রকল্প দপ্তর হতে সরবরাহকৃত মালামালসহ) চলমান রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



(খঃ মাহবুবুল হক)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ০২-২২৩৩৮২৮৬১

ফ্যাক্স: ৯৫৬৮৩৯৩

ইমেইল: dg@fisheries.gov.bd

সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (পিওভুক্ত উপজেলা)


.....।

পত্র নং-৩৩.০২.০০০০.১১২.০১১.০০১.১৯-৬০৬

তারিখ: ২২/০৬/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপপরিচালক (সকল), মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।
- ২। পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৩। জেলা মৎস্য কর্মকর্তা,, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।
- ৪। সংশ্লিষ্ট নথি।



(মোঃ মোজাম্মেল হক)

উপপ্রধান

প্রকল্প বাস্তবায়ন শাখা